



## পজেলা পরিক্রমা

### মাধবপুর

মাধবপুর (হবিগঞ্জ), ৬ মার্চ (সংবাদদাতা)।— ১০৮ বর্গমাইল আয়তন বিশিষ্ট উপজেলার নাম মাধবপুর। এ উপজেলার লোক সংখ্যা ১ লাখ ৬১ হাজার ৭৭৪ জন, ইউনিয়ন সংখ্যা ১১টি, গ্রাম ২০৮টি, পরিবার সংখ্যা ৩০ হাজার ৬১৪টি, চাষাবাদযোগ্য মোট জমির পরিমাণ ৪২,৬৭০ একর, থানা স্বাস্থ্য কেন্দ্র ১টি, ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ৪টি ও পশু চিকিৎসালয় ৩টি আছে।

#### যোগাযোগ

মাধবপুরের রাস্তাগুলো অত্যন্ত সংকীর্ণ। সিএণ্ডবি রোড দিয়ে পাশাপাশি ২টি যানবাহন একসাথে চলতে পারে না। প্রায় সব ক'টি রাস্তার পিচ ও পাথর উঠে গিয়ে স্থানে স্থানে গর্তের সৃষ্টি হয়েছে। অথচ ঢাকাসহ সিলেট, কুমিল্লা, হবিগঞ্জ ও সুনামগঞ্জসহ দেশের প্রত্যন্ত অঞ্চলে চলাচলকারী বাস-ট্রাককে এদিক দিয়েই আসা-যাওয়া করতে হয়। মাধবপুর শহরের বাস স্ট্যাণ্ডে কোন যাত্রী ছাউনী নেই। প্রয়োজনীয় সংস্কার ও সম্প্রসারণের অভাবে বর্তমানে পথচারী, যানবাহন চলাচল অযোগ্য হয়ে পড়েছে।

#### বিদ্যা

পল্লী বিদ্যালয়ন সমিতি ১-এর অধীনে মাধবপুর উপজেলাকে নেয়া হলেও অদাবার উপজেলার প্রায় গ্রামেই বিদ্যা

পৌছেনি। মাধবপুর শহরে যে বিদ্যা সংযোগ দেয়া হয়েছে তাতেও প্রায় বিদ্যা বিভাগ দেখা দেয়। চিকিৎসা

মাধবপুর সরকারী হাসপাতালে নানা সমস্যা বিরাজমান থাকায় রোগীরা যথাযথ চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। অধিকাংশ ক্ষেত্রে ইন-ডোর রোগীদেরকে বাজার থেকে ওষুধ কিনতে হয়।

পশু হাসপাতালের অবস্থাও তেমনি। স্যালাইনসহ গবাদিপশুর প্রয়োজনীয় ওষুধ পাওয়া যাচ্ছে না। এলাকায় প্রায়ই গো-মড়ক লেগেই থাকে।

বিশুদ্ধ পানির জন্য প্রয়োজনীয় টিউবওয়েল বরাদ্দ করা হচ্ছে না। জনসাধারণকে পেটের পীড়ায় ভুগতে হচ্ছে।

#### শিক্ষা

উপজেলার বিভিন্ন দুর্নীতি, কোন্দল ও শিক্ষকের অভাবে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। প্রায় শিক্ষা প্রতিষ্ঠানেই প্রয়োজনীয় বেঞ্চ, টেবিল, ও ডাস্টার নেই।

উপজেলা হেড কোয়ার্টারে কোন সরকারী ফাজিল বা কামেল মাদ্রাসা নেই। অবশ্যই ইটাখোলায় একটি আলেম মানের মাদ্রাসা রয়েছে, এ মাদ্রাসাকে ফাজিল মাদ্রাসায় উন্নীত করার দাবী দীর্ঘ দিনের।